দৈনিক বাংলা

তারিখ 27/1/82
পৃষ্ঠা ...

061

নিরক্ষরতা দূরীকরণে এগিয়ে আসার আহ্বান

ফরিদপুর, ২৪শে জানুয়ারী।— স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী জনাব চৌধুরী কামাল ইবনে ইউসুফ শিক্ষকদের দেশ গঠন ও নিরক্ষরতা দূরীকরণ এবং গ্রামীণ উন্নয়নে শরীক হওয়ার আহবান জানান। তিনি উক্ত দিন ফরিদপুর হাই স্কুল প্রাঙ্গণে ফরিদপুর জেলা শিক্ষক সমিতির ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। তিনি আরও বলেন, দেশের ভয়াবহ নিরক্ষরতা দূর করে আপামর জনগণকে দেশ গড়ার সংগ্রামে উদ্বুদ্ধ করতে হবে। জনাব কামাল ইবনে ইউসুফ বলেন, জনগণের সক্রিয় সহযোগিতাবিহীনভাবে কোন শিক্ষিত শ্রেণীর পক্ষেই দেশ গড়ার প্রচেষ্টায় সফল হওয়া সম্ভব নয়।...

(৩-এর কঃ দ্রঃ)

আসার আহ্বান

(১-এর পৃঃ পর)

এর আগে তিনি কবি জসিম উদ্দিন হলে বাংলাদেশ স্বাস্থ্য সহকারী সমিতির সম্মেলনে ভাষণ দেন। তিনি উক্ত সম্মেলনে বলেন পল্লী উন্নয়নে স্বাস্থ্য সহকারীদের ভূমিকা খুব গুরুত্বপূর্ণ তাদের তিনি পল্লীমুখী হতে আহবান জানান। সম্মেলনে সভাপতিত্ব করেন ডাঃ সিরাজুল ইসলাম এবং বক্তৃতা করেন জনাব চৌধুরী মোহাম্মদ হোসেন (বাবু চৌধুরী) তিনি এক ওয়াজ মাহফিলেও যোগদান করেন এবং ভাষণ দেন।